

তারিখ ... 18 MAY 2013 ...  
পৃষ্ঠা ... ১ ...

## শিক্ষার মানোন্নয়নে শিক্ষা মন্ত্রণালয়কে প্রধানমন্ত্রীর কতিপয় নির্দেশ

তথ্য বিবরণী : শিক্ষার ওগণত  
মানোন্নয়নের লক্ষ্যে শিক্ষা  
প্রতিষ্ঠানসমূহের পাবলিক পরীক্ষার  
ফলাফল নিবিড়ভাবে পরিবীক্ষণ ও  
মূল্যায়ন করে শ্রাও তথ্যের ভিত্তিতে  
শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে  
সুপারিকল্পিতভাবে সরকারী অনুদান  
অথবা কেবলিশেমে ডা.হাস ও প্রত্যাখ্য  
করার জন্য পদক্ষেপ নিতে প্রধানমন্ত্রী  
বেগম খালেদা জিয়া শিক্ষামন্ত্রী ড.  
ওসমান ফারুককে নির্দেশ প্রদান  
করেছেন।  
শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পাবলিক  
পরীক্ষার ফলাফলের সঠিক মূল্যায়ন ও  
তার ভিত্তিতে যথাযথ পদক্ষেপসমূহ  
সুপারিশ করার জন্য প্রধানমন্ত্রী একটি  
নির্দেশক সমীক্ষা দল গঠন করার জন্য

শিক্ষামন্ত্রীকে নির্দেশ দেন। উক্ত সমীক্ষা  
দলে স্বত্বীভী, সাংবাদিক, প্রাক্তন  
শিক্ষক, সমাজসেবী এবং বিশিষ্ট  
ব্যক্তিবর্গ যাতে অন্তর্ভুক্ত থাকেন সেসঙ্গে  
দৃষ্টি রাখার জন্য তিনি শিক্ষা মন্ত্রণালয়কে  
নির্দেশ দেন।  
প্রধানমন্ত্রীর কার্যালয়ে শিক্ষা  
প্রতিষ্ঠানসমূহের শিক্ষার ওগণত  
মানোন্নয়ন সম্পর্কিত এক আলোচনা  
সভায় প্রধানমন্ত্রী উপরোক্ত নির্দেশ প্রদান  
করেন।  
প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এ  
আলোচনায় প্রধানমন্ত্রীর রাজনৈতিক  
সচিব হারিছ চৌধুরী এবং শিক্ষা  
মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ শহীদুল  
আলম উপস্থিত ছিলেন।